

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-০৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd


নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৪.২৫-২৮১

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২
০৪ ডিসেম্বর ২০২৫

সতর্কীকরণ নোটিশ

২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের 'গবেষণা কার্যক্রম' খাতের প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পের অনুকূলে আর্থিক অনুদান প্রদানের জন্য গত ১৭ নভেম্বর ২০২৫ তারিখ সরকারি আদেশ (জিও) জারি করা হয়েছে। বর্ণিত সরকারি আদেশ অনুযায়ী অনুদানের টাকা EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে অনুদান প্রাপ্ত শিক্ষক/গবেষকগণের ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সম্প্রতি মন্ত্রণালয় অবহিত হয়েছে যে, একটি অসাধুচক্র টাকা হাতিয়ে নেওয়ার জন্য অনুদানপ্রাপ্ত শিক্ষক/গবেষকগণের হোয়াটসঅ্যাপ নম্বর অথবা মোবাইল ফোনে গবেষকগণের একাউন্ট নম্বর, ডেবিট/ক্রেডিট কার্ডের নম্বর, পিন নম্বরসহ ব্যক্তিগত তথ্য জানার চেষ্টা চালাচ্ছে।

এমতাবস্থায়, অনুদানপ্রাপ্ত সকল শিক্ষক/গবেষকগণকে তাদের ব্যাংক একাউন্ট, ডেবিট/ক্রেডিট কার্ডের তথ্য ও পিন নম্বরসহ কোন প্রকার ব্যক্তিগত তথ্য শেয়ার না করার জন্য নির্দেশক্রমে সতর্ক করা হলো।


ফেরদৌস আহাম্মদ
উপসচিব
ফোনঃ ৯৫১৫৪৩৩
E-mail:st7@most.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (বিপ্র)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (বিপ্র-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।